

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং স্বা:অধি:/অর্থ(বাজেট)/বিসি-২/২০২৬-২৭/ ৬৭৬৮

তারিখ: ২২-০৪-২০২৬খ্রি.

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তরের অধিক্ষেত্রে অন্তর্গত হাসপাতাল ও স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান সমূহে বাজেট সার্কুলার-২ এর নির্দেশনা অনুসরণে আগামী ২০২৬-২৭ অর্থবছরের প্রাক্কলন এবং ২০২৭-২০২৮, ২০২৮-২০২৯ অর্থবছরের প্রক্ষেপন এন্ট্রি ও দাখিল সম্পন্নকরণ প্রসংগে।


সূত্র: স্মারক নং- ০৭.১০১.০২০.০০.০১৩.২০২৫-৬৪৪ তারিখ ২০-০৪-২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তরের অধিক্ষেত্রে অন্তর্গত হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে জন্য বাজেট সার্কুলার-২ এর নির্দেশনা অনুসরণে আগামী ২০২৬-২৭ অর্থবছরের প্রাক্কলন এবং ২০২৭-২০২৮ ও ২০২৮-২০২৯ অর্থবছরের প্রক্ষেপন আগামী ২৮-০৪-২০২৬খ্রি. তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে প্রদত্ত বাজেট সিলিং এর মধ্যে আইবাস সফটওয়্যারে এন্ট্রি দাখিল সম্পন্নকরণ করে করবেন।

- ২) বাজেট পরিপত্র-২ এর পরিশিষ্ট-৫; অনুচ্ছেদ ৫.১.৩ অনুসরণে সামগ্রসাপূর্ণ বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP) প্রণয়ন করে প্রেরণ করবেন।
- ৩) বাজেট পরিপত্র-২ এর অনুচ্ছেদ ৫.২.১ পরিচালন ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ: স্বাস্থ্য অধিদপ্তরের অন্তর্গত সংশ্লিষ্ট দপ্তর/ইউনিট গ্রুপের অধীন প্রতিষ্ঠানিক ইউনিটের বাজেট ইতোমধ্যে বাজেট পরিপত্র -১ অনুসরণে বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী iBAS++ ফরম-৮ (ক-১) ব্যবহার পূর্বক দাখিল সম্পন্ন করা হয়েছে। এক্ষেত্রে, বাজেট পরিপত্র -২ অনুযায়ী প্রদত্ত ব্যয়সীমার সিলিং সংশোধন/পূর্ণ:নির্ধারণ হয়ে থাকলে তার আলোকে ২০২৬-২৭ অর্থবছরের পরিচালন বাজেটের প্রাক্কলন এবং ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থবছরের প্রক্ষেপণ প্রস্তুতি সম্পন্ন করবেন।
- ৪) অনুচ্ছেদ ৫.২.২ এর নির্দেশনা অনুযায়ী পিপিএ এবং পিপিআর অনুযায়ী প্রকিউমেন্ট এর আওতাভুক্ত আইটেমের ক্রয় সংক্রান্ত বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়নের জন্য আইবাস ++ এর Budget Preparation মডিউলের অন্তর্গত Budget Implementation Plan মেনুর Annual Procurement Plan সাব-মেনুর নির্ধারিত ফরম BIP Form -2A (Operating) ব্যবহার করতে হবে।
- ৫) আগামী ২৫-০৪-২০২৬খ্রি. তারিখে শনিবার অনুষ্ঠেয় জুম-সভার বিস্তারিত আলোচনা ও প্রয়োজনীয় অন্যান্য দিকনির্দেশনা প্রদান করা হবে।

ইহা মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে -- ফর্দ।


ডা. শেখ ইফতেখার রহমান
পরিচালক, অর্থ শাখা
ফোন: ০২ ২২২ ২৯৮ ৭৮০

ই-মেইল: directorfinance@ld.dghs.gov.bd

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সংশ্লিষ্ট সকল)/বিশেষায়িত স্নাতকোত্তর ইনস্টিটিউট ও হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল/ডিএনসিসি হাসপাতাল/(সংশ্লিষ্ট সকল)।
- ২) বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) (সকল বিভাগ)।
- ৩) পরিচালক, সেন্ট্রাল মেডিকেল স্টোর এন্ড ডিপো (সিএমএসডি), তেজগাঁও, ঢাকা।
- ৪) তত্ত্বাবধায়ক/উপ-পরিচালক/সহকারী পরিচালক, জেলা হাসপাতাল/ জেনারেল হাসপাতাল/ অন্যান্য ক্যাটাগরির হাসপাতালসমূহ (সংশ্লিষ্ট সকল)।
- ৫) সিভিল সার্জন (সংশ্লিষ্ট সকল)- স্ব স্ব অফিসসমূহ এবং প্রয়োজ্য ক্ষেত্রে অন্যান্য হাসপাতালসমূহের জন্য)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ- সচিব মহোদয়ের একান্ত সচিব।
- ২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (সম্বন্ধ)।
- ৩) অতিরিক্ত সচিব (বাজেট অনুবিভাগ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫) যুগ্ম-সচিব (বাজেট অনুবিভাগ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, এইচআরআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।